


# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন :  
অফিস : ৯৫৫৫১৩৩  
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩



সচিবালয়  
ওয়াপদা ভবন, মতিবিল বা/এ,  
ঢাকা-১০০০।

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৫.০১১.২০-২২০

তারিখঃ ২৬ আগস্ট, ২০২০ খ্রিঃ

## পরিপত্র

বিষয়ঃ ই-নথি কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অবহিত করা যাচ্ছে যে, রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মন্ত্রিপরিষদ বিভাগ A2i প্রোগ্রামের মাধ্যমে সকল সরকারি দপ্তরে ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করছে। সরকারি কাজে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নে ই-নথির ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়া, সারাদেশব্যাপী করোনানাভাইরাসবাহিত রোগ COVID-19 মোকাবিলায় সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে সরকারি কার্যক্রম চালু রাখার ক্ষেত্রে ই-নথি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। কোভিড-১৯ এর ন্যায় যে কোন জরুরী পরিস্থিতিতে সরকারি কার্যক্রম চালু রাখতে ই-নথির গুরুত্ব ইতোমধ্যে প্রমাণিত।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) সরকারের একটি গুরুত্বপূর্ণ সংস্থা হিসেবে পানি সম্পদের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে বদ্ধপরিকর। পানি সম্পদের সঠিক ব্যবস্থাপনার পাশাপাশি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) যেকোন প্রাকৃতিক দুর্যোগ যেমনঃ ঘূর্ণিঝড়, বন্যা, সাইক্লোন, জলোচ্ছ্বাস, নদী ভাঙন ইত্যাদি মোকাবিলায় অগ্রগামী। এহেন জাতীয় দুর্যোগের সময় প্রতিষ্ঠানের কার্যক্রম গতিশীল রাখার জন্য ই-নথির কার্যক্রম অতীব গুরুত্বপূর্ণ।

সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর তৃতীয় অধ্যায় এর অনুচ্ছেদ ১৫(১)(ক,খ,গ), ১৫(২), ১৫(৭), ১৫(৮) এবং অনুচ্ছেদ ১৬ (৪) এর নির্দেশমালাসমূহে ই-নথির ব্যবহারের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। এছাড়া প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১; জাতীয় শুদ্ধাচার কৌশল - ২০১২; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশিকা-২০১৫ এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা - ২০১৮ তে ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তেও ই-নথি বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে।


বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩.২ নং কার্যক্রমে ই-নথি বাস্তবায়নে গুরুত্ব প্রদান করা হয়েছে। পাশাপাশি ই-নথি বাস্তবায়নে লক্ষ্যমাত্রাও নির্ধারণ করা হয়েছে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)র অধীনস্থ যে সকল দপ্তর (সদর দপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তর) ইতোমধ্যে ই-নথি কার্যক্রম শুরু করেছেন,সেসকল দপ্তরসমূহে ই-নথি সংক্রান্ত কার্যক্রম অধিকতর জোরদার করার জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো।

যেসকল দপ্তর (সদর দপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তর) এখন পর্যন্ত ই-নথি কার্যক্রম শুরু করেননি, সেসকল দপ্তরকে অনতিবিলম্বে ই-নথি কার্যক্রম শুরু করার জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে প্রয়োজনে বোর্ডের ICT সেল-এর সহযোগীতা গ্রহণ করা যেতে পারে।

অতএব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন সকল অফিসসমূহে ই-নথি কার্যক্রম জোরদার করার লক্ষ্যে বাপাউবোর সকল দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে অনুরোধ জানিয়ে এ পরিপত্র জারী করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

  
(মোঃ মুজিবুর রহমান)

সচিব


বাপাউবো, ঢাকা।

সেল # ০১৭১৪-৪০০৫৩৭

৪৪

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো)


১। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
সচিব  
বাপাউবো, ঢাকা।

৪৪

অনুলিপিঃ (কার্যার্থে/জ্ঞাতার্থে) প্রেরণ করা হলো

- ১ । প্রধান প্রকৌশলী (সকল).....বাপাউবো .....
- ২ । অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল).....বাপাউবো .....
- ৩-৪ । নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা)/ প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ৫ । সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
- ৬ । প্রকল্প পরিচালক (সকল) .....বাপাউবো .....
- ৭ । তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) .....বাপাউবো .....
- ৮ । পরিচালক (সকল) .....বাপাউবো .....
- ৯ । নির্বাহী প্রকৌশলী (সকল) .....বাপাউবো .....
- ✓ ১০ । সিস্টেম এনালিস্ট, (আইসিটি সেল), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।(বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১ । সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ১২-১৬ । ব্যক্তিগত সহকারী অতিঃ মহাপরিচালক (অর্থ/ পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ পরিকল্পনা/ প্রশাসন), বাপাউবো, ঢাকা।

  
২৬.০৬.২০২০  
(মোঃ সিরাজুল ইসলাম)  
উপ-পরিচালক (বোর্ড)  
বাপাউবো, ঢাকা।